



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: [www.updfcht.com](http://www.updfcht.com)

Ref:

Date: ৮ জুন ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

### বাঘাইছড়িতে নির্বাচন স্থগিত করায় দুপুরে অবরোধ প্রত্যাহার

রাঞ্জামাটির বাঘাইছড়ি উপজেলায় ঠ্যাঙাড়ে সন্ত্রাসী কর্তৃক নির্বাচনী এজেন্টদের হুমকি প্রদান ও নির্বাচনে অবৈধ প্রভাব খাটানোর জন্য ঠ্যাঙাড়েদের বাঘাইছড়াতে সশস্ত্রভাবে অবস্থানের প্রতিবাদে এবং বাঘাইছড়া থেকে তাদেরকে গ্রেফতারসহ সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচনের দাবিতে মাজলং নির্বাচন পরিচালনা কমিটির ডাকে আজ শনিবার (৮ জুন ২০২৪) সড়ক অবরোধ পালিত হয়। এ অবরোধে ইউপিডিএফের বাঘাইছড়া ইউনিট সমর্থন জানায়।

তবে সকাল-সন্ধ্যা এ অবরোধের ডাক দেয়া হলেও নির্বাচন কমিশন আগামীকাল ৯ জুন অনুষ্ঠেয় নির্বাচন স্থগিত ঘোষণা করলে দুপুর ১২টায় অবরোধ প্রত্যাহার করে নেওয়া হয়।

অবরোধের সমর্থনে আজ সকাল ৬ টা থেকে বাঘাইছড়া বাজারের সংযোগ সড়কগুলোসহ বাঘাইছড়া-রুইলুই পর্যটন সড়কে টায়ার জ্বালিয়ে ও গাছের গুড়ি ফেলে অবরোধকারীরা পিকেটিং করে। অবরোধে বিপুল সংখ্যক নারীও রাস্তায় নামেন। ফলে এসব সড়কে সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ থাকে। আটকা পড়ে পর্যটকবাহী গাড়ি।

তবে অবরোধ চলাকালে বড় ধরনের কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

এদিকে, নির্বাচন কমিশন আগামীকাল (৯ জুন) অনুষ্ঠেয় বাঘাইছড়ি উপজেলা পরিষদ নির্বাচন স্থগিত ঘোষণা করলে দুপুর ১২টার সময় মাজলং ও উজো বাজারে পৃথক সমাবেশের মাধ্যমে অবরোধ প্রত্যাহার করে নেওয়া হয়। মাজলংয়ের সমাবেশে বক্তব্য দেন সাজেক ইউনিয়নের ৬নং ওয়ার্ডের সাবেক মেম্বার দেব জ্যোতি চাকমা এবং উজো বাজারের সমাবেশে বক্তব্য দেন জোনাকি চাকমা।

উজো বাজারের সমাবেশ থেকে জোনাকি চাকমা স্পষ্টভাবে জানিয়ে দেন যে, ভবিষ্যতে যদি ঠ্যাঙাড়ে বাহিনী দিয়ে নির্বাচনে কেন্দ্র দখল ও ভোটার এবং প্রার্থীর এজেন্টদের হুমকি-ধমকি ও ভয়ভীতি প্রদর্শন করা হয় এবং বাঘাইছড়া বাজার কর্তৃপক্ষ ও সেনাবাহিনী যদি ঠ্যাঙাড়েদের প্রশ্রয় দিয়ে থাকে তাহলে অনির্দিষ্টকালের জন্য বাঘাইছড়া বাজার বয়কটসহ আরো কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

উল্লেখ্য, মাজলং নির্বাচন পরিচালনা কমিটির পক্ষ থেকে অভিযোগ করা হয়, বাঘাইছড়ি উপজেলা নির্বাচনে প্রভাব বিস্তারের জন্য গতকাল (শুক্রবার) দুপুর ১:৩০টার দিকে তিনটি বড় মাইক্রোবাসে করে ৫০ জনের মতো ঠ্যাঙাড়ে সন্ত্রাসী বাঘাইছড়াতে বাঘাইছড়া কেপিএম-এর পরিত্যক্ত অফিসে সশস্ত্রভাবে অবস্থান নেয়। খাগড়াছড়ি ও দীঘিনালা থেকে বিশেষ প্রহরায় তাদেরকে সেখানে নিয়ে আসা হয় বলে জানা যায়।

এছাড়া কয়েকদিন আগে থেকে তারা চেয়ারম্যান পদপ্রার্থী অলিভ চাকমা ও মহিলা ভাইস চেয়ারম্যান প্রার্থী সুমিতা চাকমার নির্বাচনী এজেন্টদের হুমকি দিয়ে আসছে বলে গতকাল মাজলং নির্বাচন পরিচালা কমিটির সদস্য সচিব বিপুল চাকমা সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে অভিযোগ করেন।

বিবৃতিতে তিনি বলেন, ঠ্যাঙাড়ে সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা না হলে নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ হবে না। তাই প্রশাসনকে অবশ্যই তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বার্তা প্রেরক

সচল চাকমা

প্রধান সংগঠক

ইউপিডিএফ রাঙামাটি ইউনিট